রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৪ সনের ৩৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৫, ২০১৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৩৩—৫৫৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১২৪৫—১২৭৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৫৫—১৬৭ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৭৬৭—১৮১০ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### অর্থ মন্ত্রণালয়
### ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
### চুক্তি ও পুঁজি বিনিয়োগ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ মে ২০১৪

নং **৫৩.০১৩.০১৪.০০.০০.০৯৮.২০১৪-৬৭**—বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের সংঘবিধির ১০ অনুচ্ছেদ মোতাবেক ফাউন্ডেশনের বর্তমান ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব এ এফ এম ইয়াহিয়া চৌধুরীকে ০২ (দুই) বছর মেয়াদে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের চেয়ারম্যান হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শাহজাহান**
সহকারী সচিব।

### অর্থ বিভাগ
### প্রবিধি অনুবিভাগ
### প্রবিধি অধিশাখা-৩

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ মাঘ ১৪২০/১০ ফেব্রুয়ারি ২০১৪

নং **০৭.০০.০০০০.১৭৩.৬৫.০৩২.১৪-২৩**—অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০৭-০৪-২০০৮ তারিখের অম/অবি/প্রবিধি-৬/প্রঃমঃ/ভাতা ৬/২০০৭(অংশ)/৩১ নং স্মারকের অনুসরণে সামরিক/বেসামরিক সরকারি কর্মকর্তাদের ন্যায় সামরিক/বেসামরিক তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীগণও প্রেষণে কর্মকালীন নিম্নোক্ত শর্তে তাদের স্ব-স্ব মূল বেতনের ২০% হারে প্রেষণ ভাতা প্রাপ্য হবেনঃ

(ক) সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার নিয়োগবিধি/প্রবিধানমালা/প্রকল্পের পিপি/ডিপিপিতে কর্মচারীদের প্রেষণে নিয়োগের বিধান থাকতে হবেঃ এবং

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

(খ) স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ) এর ক্ষতিপূরণ ভাতা, প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (পিজিআর) এর বিশেষ গার্ড ভাতা, রেপিড এ্যাকশন ব্যাটেলিয়ান (RAB) এর র‌্যাব ভাতা, সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেষণে নিয়োগের ক্ষেত্রে বিশেষ ভাতা এবং যে সব দপ্তর/সংস্থায় মূল বেতনের শতকরা হারে ঝুঁকি ভাতা/ক্ষতিপূরণ ভাতার প্রচলন আছে তাদের ক্ষেত্রে এ প্রেষণ ভাতা প্রযোজ্য হবে না। অর্থাৎ, ক্ষতিপূরণ ভাতা/বিশেষ গার্ড ভাতা/বিশেষ ভাতা/র‌্যাব ভাতা/ঝুঁকি ভাতা এবং প্রেষণ ভাতা এর যে কোন একটি প্রযোজ্য হবে।

২। এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে উক্ত ভাতা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তপন কুমার কর্মকার**
অতিরিক্ত সচিব(প্রবিধি)।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**(শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ আষাঢ় ১৪২১/২২ জুন ২০১৪

**নং ৩৩০/২০১৪/শুল্ক**।—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-11 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নেত্রকোনা জেলার কেন্দুয়া উপজেলাকে এতদ্বারা ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসেবে ঘোষণা করিল।

**মোঃ জিয়াউর রহমান খান**
দ্বিতীয় সচিব(শুল্কঃ রপ্তানি ও বন্ড)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**সলিসিটর কার্যালয়, (জিপি/পিপি) শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ মে ২০১৪

**নং ০২/সলিসিটর/২০০৯ (অংশ-১)-৪৭**—ডেপুটি অ্যাটর্নি জেনারেল জনাব আবু আমজাদ কর্তৃক দাখিলকৃত পদত্যাগপত্রটি সরকার পক্ষে গৃহীত হইয়াছে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ কে এম সলিমউল্লাহ্**
সলিসিটর।

---

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১৬ জুন ২০১৪

**নং বিচার-৭/২এন-২০/২০১২-৩০৮**—নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সরকার ১৮৭২ সালের স্পেশাল ম্যারিজ আইন এর ৩ ধারা মোতাবেক জনাব চন্দনা দে তপাদার-কে ঢাকা জেলার পরিবর্তে সমগ্র বাংলাদেশের জন্য স্পেশাল ম্যারিজ রেজিস্ট্রার হিসাবে লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করলেন।

২। স্পেশাল ম্যারিজ রেজিস্ট্রী করার ক্ষেত্রে আপনি ১৮৭২ সালের স্পেশাল ম্যারিজ আইন অনুসরণ করবেন।

৩। স্পেশাল ম্যারিজ রেজিস্ট্রী করার ক্ষেত্রে আপনি সর্বোচ্চ ৫০০০ (পাঁচ হাজার টাকা) গ্রহণ করতে পারবেন।

৪। সরকার কর্তৃক স্থগিত না করা হলে লাইসেন্সধারীর সর্বোচ্চ ৬৫ বৎসর পূর্ণ হওয়ার তারিখ হতে অবসর গ্রহণ করেছেন বলে গণ্য হবে।

তারিখ, ১৮ জুন ২০১৪

**নং বিচার-৭/২এন-৭৮/২০১৩-৩১৩**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব নিলয় কুমার আচার্য্য, পিতা ধীরেন্দ্র নাথ আচার্য্য, গ্রাম বেড়া দক্ষিণপাড়া, ডাকঘর বেড়া, উপজেলা বেড়া, জেলা পাবনা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পাবনা জেলার বেড়া উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৬৯/২০১৩-৩১৮**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব তিতাস কুমার, পিতা মৃত শৈলেন কুমার, মাতা ফুলমতি রাণী, গ্রাম গোপালপুর ডাকঘর মহেশপুর, উপজেলা মহেশপুর জেলা ঝিনাইদহ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৯ জুন ২০১৪

**নং বিচার-৭/২এন-৫/৯৩-৩২০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব সৈয়দ ছাইফুল ইসলাম, পিতা সৈয়দ জাহেরুল ইসলাম, গ্রাম উত্তর সুজাপুর, ডাকঘর ফুলবাড়ী, ওয়ার্ড নং-১, ফুলবাড়ী পৌরসভা, জেলা দিনাজপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দিনাজপুর জেলার ফুলবাড়ী পৌরসভার ১, ২ ও ৩নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৫১/৭৭-৩২১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোহাম্মদ শিহাব উদ্দিন, পিতা মৃত নাছির উদ্দিন, গ্রাম জামিরজুরী, ডাকঘর দোহারজারী, উপজেলা চন্দনাইশ, জেলা চট্টগ্রাম)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার চন্দনাইশ উপজেলার ৯নং দোহাজারী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**ডাক , টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**

**ডাক-১**

**আদেশ**

তারিখ, ০৫ জ্যৈষ্ঠ ১৪২১/১৯ মে ২০১৪

**নং ১৪.০০৩.০১১.০০.০০.০৩৩.২০১০-১০৭**—যেহেতু, আপনি জনাব এ বি এম ফজলুল হক, ডিপিএমজি, বান্দরবান বিভাগ ২১-০৪-২০১১ তারিখ থেকে ১৫-০১-২০১২ তারিখ পর্যন্ত সময়ে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে ডিপিএমজি রাঙ্গামাটি বিভাগের দায়িত্ব পালন করেন। রাঙ্গামাটি বিভাগে অতিরিক্ত পালনকালে আপনার বিরুদ্ধে ঘুষ দাবীসহ বিভিন্ন অনিয়মের অভিযোগ উত্থাপিত হয়।

২। যেহেতু, আপনি ডিপিএমজি পদে রাঙ্গামাটি বিভাগে অতিরিক্ত দায়িত্ব পালনকালে কর্মচারীগণের বদলী, চাকুরী স্থায়ীকরণ, পদোন্নতি, টাইমস্কেল, সিলেকশনগ্রেড ইত্যাদি প্রদানসহ বিভিন্ন আদেশ/নির্দেশ জারির বিনিময়ে অবৈধভাবে আর্থিক লাভবান হয়েছেন এবং যেহেতু, আপনার নিয়োজিত এজেন্ট জনাব মোঃ সালাহউদ্দিন, এসজি অপারেটর লিখিতভাবে আপনার সম্পৃক্ততার কথা উল্লেখ করেছেন।

৩। যেহেতু, আপনি রাঙ্গামাটি বিভাগের আওতাধীন জনাব সূর্য কুমার দাশ, পিও অপারেটরকে মেয়াদ পূর্তির পূর্বেই আবেদনের প্রেক্ষিতে পাহাড়ী এলাকা খাগড়াছড়ি প্রধান ডাকঘরে বদলীর আদেশ প্রদান করেন। একই স্মারকে (নথি নং পি/এফ সূর্য কুমার দাস/অস্থায়ী পোঃ আপাঃ/রাংগা তারিখ ১১-০৭-২০১১ মূলে) জনাব অংগাজো চৌধুরী, পি ও অপারেটরকে নারায়ণহাট এসও তে সমতল এলাকায় বদলী করার পরপরই কোন কারণ ছাড়া নথি নং-পি/এফ থেকে জনাব অংগাজো চৌধুরী/পোস্টাল অপারেটর/রাঙ্গা তারিখ ১১-০৯-২০১১ মূলে দিঘীনালা ইউপিওতে পুনঃ বদলীর আদেশ প্রদান করেন;

৪। যেহেতু, আপনি রাঙ্গামাটি বিভাগে অতিরিক্ত দায়িত্ব পালনকালে জনাব শহীদউল্যা মজুমদার, জনাব এনামুল কবীর, জনাব হান্নান সরকার, জনাব সুব্রত তালুকদার প্রমুখদের অর্থের বিনিময়ে তাদের কাঙ্খিত কর্মস্থলে বদলীর আদেশ প্রদান করেন, এবং সুযোগ সন্ধানী কর্মচারীদের সমতলে এলাকায় সংযুক্ত ও কর্মরত রেখে পাহাড়ী ভাতা পাওয়ার সুযোগ করে দেন;

৫। যেহেতু, আপনি রাঙ্গামাটি বিভাগে ডিপিএমজি হিসাবে অতিরিক্ত দায়িত্ব পালনকালে রাঙ্গামাটি বিভাগের ১৯৮৯ সনের পরবর্তী ছাড়পত্রবিহীন নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের বকেয়া বেতনভাতা প্রদানের ক্ষেত্রে হেড অফিসের পোস্টমাস্টারদের টেলিফোনে সুপারিশ করার জন্য উক্ত কর্মচারীদের নিকট থেকে জনপ্রতি ১০০০ টাকা উৎকোচ গ্রহণ করেন;

৬। যেহেতু, জনাব আনন্দ মোহন দত্ত, অতিরিক্ত পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল, চট্টগ্রামকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা অভিযোগসমূহ তদন্ত করে একটি প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগগুলির সত্যতা পাওয়া যায় ;

৭। যেহেতু, আপনার বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা মোতাবেক ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ৩০-০৩-২০১৪ তারিখের স্মারক নং ১৪.০০৩.০১১.০০. ০০.০৩৩.২০১০-৬৪ এর মাধ্যমের বিভাগীয় মামলা চালু করে আপনাকে কৈফিয়ত তলব করা হয়। আপনি যথারীতি জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন।

৮। যেহেতু, গত ০৮-০৫-২০১৪ তারিখে আপনার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং শুনানীকালে সরকার পক্ষের মনোনীত কর্মকর্তা এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

৯। এক্ষণে, সেহেতু আপনার কৈফিয়তের জবাব ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা, কর্তৃপক্ষের নিকট প্রদত্ত ব্যক্তিগত শুনানী ও লিখিত জবাব ইত্যাদি বিশ্লেষণ করে আপনার কাজের পরিমাণ, পরিধি এবং পরিবেশ বিবেচনা করা হয়। অন্যদিকে অভিযোগটি সরাসরি আপনার বিরুদ্ধে উত্থাপন না করে পরোক্ষভাবে আপনাকে জড়িত করার চেষ্টা করা হয়েছে মর্মে শুনানীতে প্রতীয়মান হয়। এছাড়া আপনি কোন কোন ক্ষেত্রে ত্রুটি বিচ্যুতি হয়ে থাকলে তার জন্য নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেছেন।

১০। তদপ্রেক্ষিতে, অনুরূপ অভিযোগের যেন পুনরাবৃত্তি না ঘটে সে বিষয়ে আপনাকে সতর্ক করা হল এবং আপনাকে (জনাব এ বি এম ফজলুল হক, ডিপিএমজি-কে) সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক আনীত অভিযোগের দায় থেকে অব্যাহতি প্রদান করা হল।

**মোঃ আবুবকর সিদ্দিক**
সচিব।

**তথ্য মন্ত্রণালয়**
**টিভি-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৩ আষাঢ় ১৪২১/১৭ জুন ২০১৪

**নং ১৫.০০.০০০০.০২৪.০৪.০০১.১৪-৪৫৭**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের মহামান্য হাইকোর্ট ডিভিশনে দায়েরকৃত রীট নং ১৬৯৬/২০১৪ মামলায় গত ২৯-৪-২০১৪ ও ১৭-০২-২০১৪ তারিখের আদেশ এবং এর প্রেক্ষিতে গত ১৪-৫-২০১৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় ও ২৯-৫-২০১৪ তারিখে তথ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন লক্ষ্যে গত ২২ জুলাই, ২০১২ তারিখে গঠিত কমিটি নিম্নরূপভাবে স্থায়ী কমিটি হিসেবে পুনর্গঠন করা হলঃ

**আহ্বায়ক**

(১) যুগ্ম-সচিব(সম্প্রচার), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) যুগ্ম-সচিব(আইন ও শৃঙ্খলা) তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৩) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের একজন প্রতিনিধি।

(৪) বাংলা একাডেমীর একজন প্রতিনিধি।

(৫) বাংলাদেশ টেলিভিশনের একজন প্রতিনিধি

(৬) বাংলাদেশ বেতারের একজন প্রতিনিধি

(৭) এসোসিয়েশন অব টিভি চ্যানেল ওনার্স (এটকো) এর প্রতিনিধি

(৮) বেসরকারি বেতার কেন্দ্রসমূহের একজন প্রতিনিধি

(৯) শিক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

(১০) সিনিয়র সহকারী সচিব (টিভি-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**কমিটির কার্যপরিধিঃ**

(১) রীট নং ১৬৯৬/২০১৪ ও Suo Moto রুল নং ২৪/২০১২ এর আলোকে সরকারি ও বেসরকারি ইলেকট্রনিক গণমাধ্যমে তথা সকল টেলিভিশন চ্যানেল ও বেতারে সংবাদ, অনুষ্ঠান ও উপস্থাপনায় বাংলার সাথে অহেতুক অন্যান্য ভাষার মিশ্রণপরিহার করা ও ভাষাকে বিকৃত না করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কার্যক্রম সমন্বয় করা, এ বিষয়ে বিভিন্ন টিলিভিশন চ্যানেল ও বেতার থেকে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করা, এসব মাধ্যমকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং প্রয়োজনীয় জরুরী বিষয় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আনা;

(২) উপর্যুক্ত বিষয়ে তথ্য মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর এবং অন্যান্য মন্ত্রণালয় ও এ সবের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের গৃহীত কার্যক্রমের সাথে নিয়মিত সমন্বয় সাধন;

(৩) মহামান্য হাইকোর্ট ডিভিশনের রীট নং ১৬৯৬/২০১৪ মামলায় গত ২৯-৪-২০১৪ ও ১৭-০২-২০১৪ তারিখের আদেশ ও এর প্রেক্ষিতে গত ১৪-৫-২০১৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত এবং তথ্য মন্ত্রণালয়ে এতদসংক্রান্ত বিষয়ে ইতোমধ্যে অনুষ্ঠিত ও পরবর্তীতে অনুষ্ঠিতব্য সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় অন্যান্য সকল কার্যক্রম গ্রহণ।

(৪) বাংলাদেশের সকল টেলিভিশন চ্যানেল ও বেতারসহ ইলেকট্রনিক গণমাধ্যমে ইংরেজী বিজ্ঞাপন ও মিশ্র ভাষার ব্যবহার বন্ধ করার প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ, অগ্রগতি পরিবীক্ষণ ও এ বিষয়ে অন্যান্য সংস্থার সাথে সমন্বয় সাধন;

(৫) মহামান্য হাইকোর্ট বিভাগের Suo Moto রুল নং ২৪/২০১২ এর মাধ্যমে বাংলা ভাষার দূষণ, বিকৃত উচ্চারণ, বিদেশী ভাষার সুরে বাংলা উচ্চারণ রোধের বিষয়ে প্রদত্ত আদেশের আলোকে সমুদয় ব্যবস্থা গ্রহণ;

(৬) কমিটি কর্তৃক প্রতি মাসে একটি সভা করা ও একটি করে প্রতিবেদন প্রদান।

২। গত ২২ জুলাই, ২০১২ তারিখে জারিকৃত ১৫.০০.০০০০.০২৪.০৪.০০১.১২-৫০৯ নং প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হল।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আখতারুজ্জামান তালুকদার**
সিনিয়র সহকারী সচিব।

---

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**
**হজ্জ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ মে ২০১৪

**নং ধবিম/হঃশাঃ/২-৪/২০১১/৬৭১**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ০৫.০০.০০০০.১৩০.১২.০৯.১২.১৯৯ তারিখ ০৪-০৫-২০১৪ তারিখ মূলে বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা (সাবেক হজ্জ উইং, জেদ্দা) এ কর্মরত উপসচিব জনাব মোঃ আসাদুজ্জামান (৪৭১৯)-কে সরকার কর্তৃক যুগ্মসচিব পদে পদোন্নতি প্রদান করায় একই মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.১৭১.০২২.০৪.০০.০৮৭.২০১৩-৭৭, তারিখ ২৪-০৩-২০১৪ এ বর্ণিত শর্তাবলীর আলোকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন সৌদি আরবস্থ কাউন্সেলর (হজ্জ) এর পদটিকে নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে নিম্নোক্তভাবে ৩য় গ্রেডের বেতনস্কেলে উন্নীত (Upgraded) করা হ'ল ঃ

| পদের নাম | বর্তমান বেতনস্কেল | উন্নীত (Upgraded) বেতনস্কেল |
|---|---|---|
| কাউন্সেলর (হজ্জ) বাংলাদেশ হজ্জ অফিস (সাবেক হজ্জ উইং, জেদ্দা) মক্কা-আল মোকাররমা, সৌদি আরব। | ৫ম গ্রেড (উপসচিব) ২২,২৫০-৯০০× ১০-৩১,২৫০ | ৩য় গ্রেড (যুগ্মসচিব) ২৯,০০০-১১০০× ৬-৩৫,৬০০ |

২। শর্তাবলী ঃ

(ক) পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ আসাদুজ্জামান (৪৭১৯) প্রেষণরত থাকা অবস্থায় উন্নীত পদে যোগদান করে যোগদানপত্র ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

(খ) পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ আসাদুজ্জামান (৪৭১৯) উন্নীত (Upgraded) পদে যোগদানের তারিখ হতে পদোন্নতি প্রাপ্ত পদের বেতন-ভাতা প্রাপ্য হবেন। তবে বৈদেশিক ভাতা এবং Entertainment Allowance এর ক্ষেত্রে কাউন্সেলর (হজ্জ) এর মূল পদের নির্ধারিত হার প্রযোজ্য হবে।

(গ) যুগ্মসচিব পদে পদোন্নতি প্রাপ্তির পর সরকার যতদিন জনাব মোঃ আসাদুজ্জামান (৪৭১৯) কে কাউন্সেলর (হজ্জ) পদে রাখা প্রয়োজন বলে বিবেচনা করবে, কেবল ততদিন তিনি উক্ত পদে বহাল থাকতে পারবেন।

(ঘ) জনাব মোঃ আসাদুজ্জামান (৪৭১৯) এর বদলি বা অন্য কোন কারণে কাউন্সেলর (হজ্জ) এর পদটি শূন্য হওয়ার সাথে সাথে উক্ত পদের বেতনস্কেল পূর্বাবস্থায় ফিরে যাবে।

১৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বেগম হাসিনা শিরীন**
সহকারী সচিব(হজ্জ)।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**উন্নয়ন অধিশাখা-৯**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ জুন ২০১৪

**নং ২৫.০০.০০০০.০২২.১৭.০০৮.১৪-৩২৭**—গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রাম বায়েজিদ বোস্তামী/নাসিরাবাদ শিল্প এলাকার শিল্প প্লটসমূহকে উপ-প্লটে বিভাজনের বিষয়ে এ মন্ত্রণালয়ের ১৫-০৫-২০১১ তারিখের গৃগম/শাখা ৯/১ এ ম-৩/২০০৪/২৮৫ নং প্রজ্ঞাপনে জারিকৃত নীতিমালা সংশোধনক্রমে নিম্নবর্ণিত নীতিমালা প্রণয়ন করা হলোঃ

(ক) চট্টগ্রাম বায়েজিদ বোস্তামী/নাসিরাবাদ শিল্প এলাকার শিল্প প্লটের আংশিক হস্তান্তর বা অন্য কোন যুক্তিসংগত কারণে বিভাজন করার পূর্বে স্থাপত্য অধিদপ্তর এর মতামত প্রাপ্তি সাপেক্ষে মূল প্লটের আনুষ্ঠানিক বিভাজন করতে হবে। মূল প্লটের আনুষ্ঠানিক বিভাজন ব্যতীত প্লটের অংশ বিশেষ হস্তান্তরের কোন অনুমতি দেয়া হবে না;

(খ) মূল প্লট বিভাজনকালে প্লটটিকে শিল্প প্লটের উপযোগী রাখার স্বার্থে উপ-প্লটের পরিমাণ কোন অবস্থাতেই ১০ (দশ) কাঠার কম করা যাবে না;

(গ) উপ-প্লটে বিভাজনকালে প্রত্যেকটি উপ প্লটের সংগে ২৫´ ফুট প্রশস্ত আভ্যন্তরীণ রাস্তার ব্যবস্থাসহ প্রবেশ/বাহির (Entry/Exit) এর সুযোগ রাখতে হবে;

(ঘ) শিল্প প্লট বিভাজনের ক্ষেত্রে শিল্প স্থাপন না হয়ে থাকলে বিভাজনের অনুমতি দেয়া যাবে না;

(ঙ) চট্টগ্রাম বায়েজিদ বোস্তামী/নাসিরাবাদ শিল্প এলাকায় ৭ কাঠা বা ৭ কাঠার নিচের খন্ড জমি বের হলে তা বরাদ্দ করা যাবে না, সেখানে বনায়ন করতে হবে;

(চ) শিল্প প্লট এর অংশ বিশেষ হস্তান্তরকালে প্লটের অবশিষ্ট অংশ বরাদ্দকৃত পূর্বে থাকা শিল্পের এবং হস্তান্তরের জন্য প্রস্তাবিত অংশ প্রস্তাবিত শিল্পের জন্য উপযোগী কিনা তদবিষয়ে বিনিয়োগ বোর্ড এর নিকট থেকে সুস্পষ্ট সুপারিশ পাওয়ার পরেই শুধুমাত্র প্লটের হস্তান্তর অনুমতি প্রদান করা হবে;

(ছ) শিল্প প্লট বিভাজনের ক্ষেত্রে বিভাজিত প্লটের সাথে (Exit/Entry-তে) ৬০ ফুট বা তদুর্ধ চওড়া রাস্তা থাকলে এবং বিভাজিত প্লটের সড়ক সংলগ্ন অংশের প্রশস্ততা (Face) ন্যূনতম ৬০ ফুট থাকলে সেক্ষেত্রে 'গ' অনুচ্ছেদে বর্ণিত আভ্যন্তরীণ রাস্তার প্রভিশন প্রযোজ্য হবে না।

২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে। এ আদেশ জারীর তারিখ হতে তা কার্যকর হবে।

**মোঃ ইমরুল চৌধুরী**
উপসচিব।

---

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**
**প্রশাসন ৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ জ্যৈষ্ঠ ১৪২১/২০ মে ২০১৪

নং **৫২.০০৭.০০৪.০০.৪৪৩.২০১৩-১৫৭(১)**—যেহেতু, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জনাব মোঃ বদরুজ্জামান উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা উপজেলা পরিসংখ্যান অফিস, নাচোল চাঁপাইনবাবগঞ্জকে ২০১৩ সালে অর্থনৈতিক শুমারি-২০১৩ প্রকল্পের শুমারি কাজে নাচোল উপজেলার জোন নং ১ এর জোনাল অফিসার নিয়োগ করা হয়। তিনি তার জোনের বরাদ্দকৃত ১১ জন সুপারভাইজারদের মধ্যে একজনকে সুপারভাইজার নিয়োগ করে তাকেই আবার গণনার কাজে নিয়োগ করে আর্থিক ও প্রশাসনিক অনিয়ম করেছেন, যা সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে তাঁর এহেন কার্যকলাপ ও লেনদেন যাহা সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ) এবং ৩ (বি) অনুযায়ী অসদাচরণজনিত হওয়ায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়।

যেহেতু, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২৬-০৫-২০১৩ তারিখের যথাক্রমে ৫২,০০৭.০০৪.০০.০০.০১.৪৪৩. ২০১৩-১৭৭ নং স্মারকে এবং ১৭৮ নং স্মারকে তার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ) এবং ৩ (বি) বিধি অনুযায়ী অসদাচরণ অভিযোগ আনয়ন করা হয়। এই বিধিমালার ৪(৩) (ডি) ধারা অনুযায়ী চাকুরী হতে কেন তাকে ডিসমিস অথবা অন্য কোন শাস্তি প্রদান করা হবে না, তা অভিযোগ প্রাপ্তির দশ কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানো এবং আত্মপক্ষ সমর্থনে তিনি ব্যক্তিগত শুনানি চান কি না তাও জানানোর জন্য নির্দেশ দেওয়া হয়।

যেহেতু, জনাব মোঃ বদরুজ্জামান সাময়িক বরখাস্তকৃত উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে ১০-৬-২০১৩ তারিখে লিখিত জবাব প্রদান করেন এবং ২৭-০৬-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, জনাব মোঃ বদরুজ্জামান এর লিখিত ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য গ্রহণযোগ্য না হওয়ায় কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ বিবেচনা উক্ত বিভাগীয় মামলা তদন্ত করতঃ প্রতিবেদন দেওয়ার জন্য ০১-০৭-২০১৩ তারিখের ৫২.০০৭.০০৪.০০.০০.৪৪৩. ২০১৩-২১২ নং স্মারকে জনাব এ কে এম ফজলুল হক, উপ-পরিচালক বিবিএসকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; তদন্তকারী কর্মকর্তা ০৭-১১-২০১৩ তারিখে প্রতিবেদন দাখিল করেন; এবং

সেহেতু, তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(ই) অনুসারে বেতন স্কেরের নিম্ন ধাপে অবনমিত করণ (Reduction to a lower Stage in the time scale) করার লঘুদন্ড আরোপ করা হলো। তিনি জাতীয় বেতন স্কেলের সপ্তম গ্রেড (১৫,০০০-৭০০×১৬-২৬,২০০) এর বর্তমান মূল বেতন ২২,৭০০ টাকার পরিবর্তে ২২,০০০ টাকায় অবস্থান করবেন।

**মোঃ নজিবুর রহমান**
সচিব।

---

## বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
## বিমান শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ জুন ২০১৪

**নং বিপম / বিমান / পত্রিকা ৩/০৯(অংশ-২)-৩৮১**—বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের ঢাকার মতিঝিলস্থ জেলা বিক্রয় অফিসে গত ২৪ জুন ২০১৪ তারিখে জনৈক ভদ্রমহিলাকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের কতিপয় কর্মচারী কর্তৃক মারধরের বিষয়টি সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

(ক) জনাব মুঃ আঃ হামিদ জমাদ্দার, উপ সচিব (বিমান) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(খ) জনাব নুরুল ইসলাম হাওলাদার, মহাব্যবস্থাপক, গ্রাহক সেবা (ভারপ্রাপ্ত), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ

(গ) জনাব এ.কে.এম ইদ্রিস আলী, সহকারী ব্যবস্থাপক, নিরাপত্তা, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ

**২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ ঃ**

(ক) কমিটি উল্লিখিত ঘটনার পারিপার্শ্বিক অবস্থা এবং কোন প্রেক্ষাপটে ঘটনাটি ঘটেছে তা পর্যবেক্ষণ করবে;

(খ) কমিটি আলোচ্য ঘটনার সাথে জড়িত কর্মকর্তা/ কর্মচারীদের চিহ্নিত করবে;

(গ) কমিটি ঘটনাস্থল সরেজমিনে পরিদর্শনের সময় সংশ্লিষ্ট যাত্রী এবং বিমান কর্মকর্তাদের ব্যক্তিগত শুনানী গ্রহণ করবে;

(ঘ) কমিটি আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে প্রতিবেদন পেশ করবে;

(ঙ) কমিটি এ ধরনের ঘটনার যেন পুনরাবৃত্তি না ঘটে সে বিষয়ে সুপারিশ করবে; এবং

(চ) কমিটি প্রয়োজনে যেকোন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিলুফার জেসমিন খান**
সিনিয়র সহকারী সচিব।

---

## ভূমি মন্ত্রণালয়
## অধিগ্রহণ অধিশাখা-১
## এলএ কেস নং-১০ জি/১৯৭৮

**ফরম ঘ**

**ঘোষণা**

**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ ]**

তারিখ, ১৮ জ্যৈষ্ঠ ১৪২১/০১ জুন ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৪০.১৪.১৭৮**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা অনুযায়ী ১৪-০২-১৯৭৮ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজার নাম দক্ষিণ দিঘলকান্দি, জে এল নং ১৭৪, উপজেলা সারিয়াকান্দি, জেলা বগুড়া।

| খতিয়ান নং (এম আরআর) | দাগ নং (সিএস) | জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৮২ | ৪৯৯ | ০.০৫০০ |
| ১৭ | ৫০০ | ০.৯০০০ |
| ১৭ | ৫০১ | ০.৯০০০ |
| ২৭৭ | ৫০৩ | ০.১৯০০ |
| ২৭৭ | ৫০৪ | ০.০১০০ |
| ২৭৭ | ৫০৯ | ০.২৬০০ |
| ১৮ | ৫০২ | ০.৪৪০০ |
| ১২৪ | ৫১৯ | ০.০২০০ |
| ১৭০ | ৫১৮ | ০.২৫০০ |
| ১৭০ | ৫১৭ | ০.৫৩০০ |
| ১২৬ | ৫১৫ | ০.৩৫০০ |
| ১২৪ | ৫১৪ | ০.৩৭০০ |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ১২৪ | ৫১৩ | ০.১৬০০ |
| ১২৫ | ৫১২ | ০.০৬০০ |
| ১৬৮ | ৫১১ | ০.০৯০০ |
| ১২৪ | ৫১৬ | ০.৫৬০০ |
| ২৯০ | ৫৫৬ | ০.০৮০০ |
| ৯৫ | ৫৫৭ | ০.৪৮০০ |
| ৯৫ | ৫৫৮ | ০.১৬০০ |
| ১৯৯ | ৫৬০ | ০.১৮০০ |
| ১৯৯ | ৫৬১ | ০.২২০০ |
| ৯৩ | ৫৬২ | ০.৮২০০ |
| ১৬৫ | ৫৬৪ | ০.৩০০০ |
| ৬৫ | ৫৬৩ | ০.৩৬০০ |
| ১৪৫ | ৫৬৫ | ০.৯৬০০ |
| ৬১ | ৬৭২ | ০.৫২০০ |
| ৬১ | ৬৭৩ | ০.১৬০০ |
| ১৪৬ | ৬৭৪ | ০.১৬০০ |
| ১৪৬ | ৬৭৫ | ০.১৮০০ |
| | | মোট ৯.৭২ একর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

---

**এলএ কেস নং-১২আরডি/১৯৬৭**

**ফরম ঘ**
**ঘোষণা**
**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ ]**

তারিখ, ১৮ জ্যৈষ্ঠ ১৪২১/০১ জুন ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৩৯.১৪.১৭৯**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা অনুযায়ী ৩১-০৭-১৯৬৮ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজার নাম লোহাজান, জে এল নং ৪৯, উপজেলা কাহালু, জেলা বগুড়া।

| দাগ নং | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ৯১৬ | ০.০৪ |
| ৮১৯ | ০.০৯ |
| ৮২১ | ০.২০ |
| ৮১৬ | ০.০৭ |
| ৮১৫ | ০.১২ |
| ৮১০ | ০.০১২ |
| ৮০৮ | ০.০২ |
| ৮০৯ | ০.১০ |
| ৮০৫ | ০.২৫ |
| ৮১৭ | ০.৫৩ |
| | মোট ১.৫৪ |

মৌজার নাম শিল্প কওর, জে এল নং ৪৮, উপজেলা কাহালু, জেলা বগুড়া।

| দাগ নং | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ১৩৩৩ | ০.১০ |
| ১৩৩৪ | ০.২৫ |
| ১৩৩৫ | ০.০২ |
| ১৩২৮ | ০.০৭ |
| ১৩৩০ | ০.১০ |
| ১৩৩২ | ০.২৬ |
| ১০৪০ | ০.০৬ |
| ১৩২৯ | ০.১৫ |
| ১৩৩১ | ০.১০ |
| ১০৩৯ | ০.০৯ |
| ১০৩৮ | ০.৩৮ |
| ১০৩৭ | ০.৭৩ |
| ১০৩৫ | ০.০৯ |
| ১০৩৪ | ০.২৮ |
| ৯৯২ | ০.১৪ |
| ৯৫৭ | ০.৭০ |
| ৯৫৬ | ০.১২ |
| ৯৫৫ | ০.৩০ |
| ৯৫৫/১৪০০ | ০.০১ |
| ৯৫৯ | ০.৬ |
| ৯৫৪ | ০.০৪ |
| ৯৫৩ | ০.০২ |
| ৯৪৮ | ০.০২ |
| ৯৮ | ০.১৫ |
| ৯৫৮ | ০.২২ |
| ৮৮৬ | ০.৪০ |
| ৮৮৪ | ০.২০ |
| ৮৮১ | ০.২০ |
| ৮৮৭ | ০.০৮ |
| ৮৭৬ | ০.০৭ |
| ৮৭৫ | ০.০৯ |

| দাগ নং | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ৮৮৮ | ০.১০ |
| ৮৭২ | ০.৩০ |
| ৮৮৯ | ০.১৪ |
| ৮৯২ | ০.২২ |
| ৮৯০ | ০.১৮ |
| ৮৯১/১৩৯৪ | ০.১৩ |
| ৮৯১ | ০.০৭ |
| ৮৭১ | ০.১৩ |
| ৮৫৩ | ০.৯৫ |
| ৮৯৫ | ০.৪৮ |
| ৮৯৪ | ০.০১ |
| ৮৯৭ | ০.০২ |
| ৮৯৬ | ০.০১ |
| ৮৩৮ | ০.০১ |
| ৮৩৭ | ০.০৮ |
| ৪৮০ | ১.৫৫ |
| | মেট ৯.৮৮ একর |

মৌজার নাম নিশ্চিন্তছান্দনী, জে এল নং ৫১, উপজেলা কাহালু, জেলা বগুড়া।

| দাগ নং | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ৪৬৪ | ০.০২ |
| ৪৫৮ | ০.১১ |
| ৪৬৬ | ০.০৩ |
| ৪৬২ | ০.২২ |
| ৪৮২ | ০.৩৪ |
| ৪৯৬ | ০.২৩ |
| ৪৮১ | ০.০৪ |
| ৪২৯ | ০.১৯ |
| ৪৯৫ | ০.১১ |
| ৪৭৩/৫৭১ | ০.৪০ |
| ৪৭৪/৫৭২ | ০.০৯ |
| ৪৭৩ | ০.৩১ |
| ৪৩৩ | ০.১৪ |
| ৪৩১ | ০.১২ |
| ৪৬৫ | ০.২৪ |
| ৪৬৫/৫৭৩ | ০.১৬ |
| ৪৭৪ | ০.১২ |
| ৪৩২ | ০.৪৫ |
| ৪৩৪/৫৬৮ | ০.০২ |
| ৪২৪ | ০.০২ |
| ৪৩০ | ০.১১ |
| ৪২৮ | ০.০৪ |
| | মোট ৩.৫১ একর |

মৌজার নাম বাথই, জে এল নং ০৬ কাহালু, জেলা বগুড়া।

| দাগ নং | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ১২৪৫ | ০.০৮ |
| ১২৪৬ | ০.০৯ |
| ১২৫৫ | ০.০৭ |
| ১২৫৬ | ০.০৪ |
| | মোট ০.২৮ একর |
| | সর্বমোট ১৫.২১ একর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

---

**এলএ কেস নং-১৭৩ (বি)১৯৭৭-৭৮**

**ফরম ঘ**
**ঘোষণা**
**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ ]**

তারিখ, ২৭ মে ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৬৮.১৪-১২৮**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা অনুযায়ী ২০-০২-১৯৭৮ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

জেলা ঝালকাঠি, জে এল নং ০৪ , উপজেলা নলছিটি, মৌজা বাড়ৈআড়া।

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ | |
|---|---|---|---|
| | | একর | শতাংশ |
| ১ | ২ | ৩ | ৩ |
| ১২৩ | ১ আংশিক | ০ | ০৫ |
| ২১৪,৪৭৯ | ১৫ ,, | ০ | ১২ |
| ৪২৩ | ১৬ ,, | ০ | ০৫ |
| ৫০৭ | ১৭ ,, | ০ | ০৩ |
| ৫০৭ | ১৮ ,, | ০ | ০৪ |
| ২২ | ১৯ ,, | ০ | ০৬ |
| ২১২,৪৭৭ | ২০ ,, | ০ | ০৬ |
| ৩১০ | ১৫৫ ,, | ০ | ০৪ |
| ৬৯ | ১৫৬ ,, | ০ | ০৪ |
| ৩০৬ | ১৫৭ ,, | ০ | ০৪ |
| ৪২৫ | ১৫৮ ,, | ০ | ০৮ |

| ১ | ২ | ৩ | ৩ |
|---|---|---|---|
| ১৩৩ | ১৬০ আংশিক | ০ | ০২ |
| ৩২৭,৩২৮, ১৭৫,১৭৭ | ১৭৩ ,, | ০ | ১০ |
| ৪০৩ | ১৭৪ ,, | ০ | ০৬ |
| ৪২৩ | ১৭৫ ,, | ০ | ০২ |
| ১৫২ | ১৭৭ ,, | ০ | ০২ |
| ৬৯ | ১৭৮ ,, | ০ | ০২ |
| ৫১১ | ১৭৯ ,, | ০ | ০৫ |
| ৪০৫ | ২০৭ ,, | ০ | ০২ |
| ২৩৯ | ২১০ ,, | ০ | ০৬ |
| ১৮৮ | ২১১ ,, | ০ | ১০ |
| সর্বমোট জমির পরিমাণ ১.০৮ একর | | | |

জমির নক্সা জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম সচিব।

---

**এলএ কেস নং-১৯০ (বি)১৯৭৭-৭৮**

**ফরম ঘ**

**ঘোষণা**

**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ ]**

তারিখ, ২৭ মে ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৬৯.১৪-১২৯**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা অনুযায়ী ১৫-০৬-১৯৮১ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তি সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ (৫) ধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

জেলা ঝালকাঠি, জে এল নং ৩৩ , উপজেলা নলছিটি, মৌজা ঢাপর।

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ | |
|---|---|---|---|
| | | একর | শতাংশ |
| ১০৫,১২০, ১২৫,১২৭, ১৭২ | ৬ আংশিক | ০ | ২৫ |
| ২০ | ৮ ,, | ০ | ১০ |
| ৩৮,১৫৭ | ৯ ,, | ০ | ১০ |
| ১১৫ | ১৪ ,, | ০ | ০৫ |
| ২৫ | ১৬ ,, | ০ | ০৬ |
| ১০৫,১২০, ১২৫,১২৭, ১৭২ | ৪১ ,, | ০ | ১০ |
| ১৫১ | ৪২ ,, | ০ | ০৫ |
| ১৫১ | ৪৩ ,, | ০ | ০২ |
| ৫২ | ৪৪ ,, | ০ | ০৩ |
| ১৩২ | ৪৫ ,, | ০ | ০৬ |
| ৫১ | ৪৬ ,, | ০ | ০৪ |
| ১৪২,১৬৩ | ৪৭ ,, | ০ | ০৪ |
| ৫৩,১২১ | ৬২ ,, | ০ | ০৪ |
| ১২৩ | ৬৩ ,, | ০ | ০৩ |
| ১২০ | ৬৪ ,, | ০ | ০৩ |
| ১৬৪ | ৭০ ,, | ০ | ০৬ |
| ৯৭ | ৭১ ,, | ০ | ০৮ |
| ৯৭ | ৭২ ,, | ০ | ১০ |
| ১২৫ | ১১৯ ,, | ০ | ০৪ |
| ৪৬ | ১২০ ,, | ০ | ০৬ |
| ৭১ | ১২৩ ,, | ০ | ০৬ |
| ৭১ | ১২৪ ,, | ০ | ০৩ |
| সর্বমোট জমির পরিমাণ ১.৪৩ একর | | | |

জমির নক্সা জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম সচিব।

---

**অধিশাখা ২(মাঠ প্রশাসন)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৩ জুন ২০১৪

নং ৩১.০০.০০০০.০৪৬.২৬.০১০.১২-৩৭২—নির্দেশিত হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-০৬-২০১২ তারিখের ০৫.১৫৬.০১৫. ০৩.০০.০০২.২০১২-১০২ নং স্মারক ও ২৩-০৪-২০১৩ তারিখের ০৫.১৫৬.০১৫.০৩.০০.০০২.২০১২-৭২ নং স্মারক, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২ এর ০৫-১২-২০১৩ তারিখের অম/অবি/ব্যনি-২/ভূমি ৩/৯৫(অংশ)/৩০০ নং স্মারক ও অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অধিশাখা ১ এর ৩০-০১-২০১৪ তারিখের ০৭.০০. ০০০০.১৬১.৩১.০১২.৩১.০১২.১২-২১ নং স্মারকে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ২৩-০৪-২০১৪ তারিখের ০৪.০০.০০০০.২১১.০৬.০১২.১৪-১৭৭ নং স্মারকে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২২ এপ্রিল, ২০১৪ তারিখের ১১শ সভার সিদ্ধান্ত অনুযায়ী ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ঢাকা/ নারায়ণগঞ্জ/গাজীপুর

জেলার ০৬টি রাজস্ব সার্কেল যথা (১) আশুলিয়া রাজস্ব সার্কেল; (২) আমিন বাজার রাজস্ব সার্কেল; (৩) কেরানীগঞ্জ রাজস্ব সার্কেল (দক্ষিণ); (৪) ফতুল্লা রাজস্ব সার্কেল; (৫) সিদ্ধিরগঞ্জ রাজস্ব সার্কেল এবং টঙ্গী রাজস্ব সার্কেল এর সহায়ক পদ হিসাবে সৃজিত আউটসোর্সিংসহ ৮ ক্যাটাগরীর ৫৪টি পদ সৃজনের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত বেতনস্কেল, ২০০৯ | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারিত বেতনস্কেল, ২০০৯ | নিয়োগ যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| (১) | কানুনগো ০৬টি | ৮০০০-১৬৫৪০ | ৮০০০-১৬৫৪০ (১০ম গ্রেড) | **নিয়োগ যোগ্যতাঃ** অর্থ বিভাগের ১৪-০১-২০১০ তারিখের অম/অবি(বাস্ত ১)/ভূমি-১৮/২০০৬/১৪ নং স্মারকের শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য । |
| (২) | সার্ভেয়ার ০৬টি | ৫২০০-১১২৩৫ | ৫২০০-১১২৩৫ (১৪নং গ্রেড) | **নিয়োগের যোগ্যতাঃ** ভূমি হুকুম দখল অফিসের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পদ পূরণযোগ্য । |
| (৩) | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ০৬টি | ৪৭০০-৯৭৪৫ | ৪৭০০-৯৭৪৫ (১৬নং গ্রেড) | **নিয়োগের যোগ্যতাঃ** The Recruitment Rules For the Upazile Revenue Officers and Staff (Management Side) Rules, 1985 অনুযায়ী পদ পূরণযোগ্য |
| (৪) | মিউটেশন কাম-সার্টিফিকেট সহকারী ০৬টি | ৪৭০০-৯৭৪৫ | ৪৭০০-৯৭৪৫ (১৬নং গ্রেড) | **নিয়োগের যোগ্যতাঃ** The Recruitment Rules For the Upazile Revenue Officers and Staff (Management Side) Rules, 1985 অনুযায়ী পদ পূরণযোগ্য |
| | | | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী সেবামূল্য | |
| (৫) | প্রসেস সার্ভার ০৬টি | ৪২৫০-৭৭৪০ | টাঃ ৭৯০০- (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে মেট্রোপলিটন এলাকার জন্য। |
| | | | টাঃ ৭৬০০- (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন এলাকা এবং নারায়ণগঞ্জ, টঙ্গী পৌর এলাকার জন্য। |
| | | | টাঃ ৭৩৫০- (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে অন্যান্য এলাকার জন্য। |
| | | | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী সেবামূল্য | |
| (৬) | অফিস সহায়ক ০৬টি | ৪১০০-৭৭৪০ | টাঃ ৭৭৫০- (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য। |
| (৭) | নিরাপত্তা ০৬টি | | টাঃ ৭৪৫০- (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন এলাকা এবং নারায়ণগঞ্জ, টঙ্গী পৌর এলাকার জন্য। |
| (৮) | চেইনম্যান ১২টি | | টাঃ ৭২০০- (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে অন্যান্য এলাকার জন্য। |

২। ইহাতে ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সদয় সম্মতি রয়েছে।

৩। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃকপক্ষের অনুমোদনক্রমে জি,ও জারি করা হলো।

**এ,টি,এম, মোস্তফা কামাল**
উপসচিব।

**জরিপ শাখা ২(অপারেশন)**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ০১ জ্যৈষ্ঠ ১৪২১/১৫ মে ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩১.০০৪.১৪.১১৬**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪ (২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

**তফসিল**

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | মাজচর কোওরপুর | ১৮ | ফরিদপুর সদর | ফরিদপুর |
| (২) | মঙ্গলকোট | ৮৬ | ফরিদপুর সদর | ফরিদপুর |
| (৩) | গ্রেদা | ৯৪ | ফরিদপুর সদর | ফরিদপুর |
| (৪) | সাদিপুর | ১১০ | ফরিদপুর সদর | ফরিদপুর |
| (৫) | বড়ভাগ | ৭৫ | আলফাডাঙ্গা | ফরিদপুর |
| (৬) | মরিচপট্টি | ১৮৫ | নগরকান্দা | ফরিদপুর |
| (৭) | কলাগাছিয়া | ৬০ | নগরকান্দা | ফরিদপুর |
| (৮) | ডালিনা | ৮৩ | গোপালগঞ্জ সদর | গোপালগঞ্জ |
| (৯) | তাঁতীহাটি | ১৯৮ | মুকসুদপুর | গোপালগঞ্জ |
| (১০) | ধোপাদী | ১৩৯ | মুকসুদপুর | গোপালগঞ্জ |
| (১১) | বাক্সাখোলা | ১২০ | মুকসুদপুর | গোপালগঞ্জ |
| (১২) | সুলতান দীঘিরপাড়া | ২৩ | মুকসুদপুর | গোপালগঞ্জ |
| (১৩) | উজানী | ১৫৭ | মুকসুদপুর | গোপালগঞ্জ |
| (১৪) | রাজাপুর | ৬১ | কোটালীপাড়া | গোপালগঞ্জ |
| (১৫) | বাগান উত্তর পাড় | ৫৪ | কোটালীপাড়া | গোপালগঞ্জ |
| (১৬) | চরমালগাঁও | ১৬ | ডামুড্যা | শরিয়তপুর |
| (১৭) | বড়ছয় গাঁও | ১০ | ভেদরগঞ্জ | শরিয়তপুর |
| (১৮) | ক্ষুদ্রচর | ১৪১ | কালকিনি | মাদারীপুর |
| (১৯) | দক্ষিণ তক্তা | ১৫১ | কালকিনি | মাদারীপুর |
| (২০) | উত্তর উরারচর | ১২৬ | কালকিনি | মাদারীপুর |
| (২১) | এনায়েতনগর | ১০৯ | কালকিনি | মাদারীপুর |
| (২২) | বেজপাড়া | ১০৮ | পাংশা | রাজবাড়ী |
| (২৩) | মেড়রা | ১৮২ | পাংশা | রাজবাড়ী |
| (২৪) | ভান্ডারদহ | ১২২ | পাংশা | রাজবাড়ী |
| (২৫) | চরচিলকা | ২২৮ | পাংশা | রাজবাড়ী |
| (২৬) | নাচনা মুরাদপুর | ৮৭ | পাংশা | রাজবাড়ী |
| (২৭) | বংকুরী | ৩২০ | পাংশা | রাজবাড়ী |
| (২৮) | হেলঞ্চা | ৩১৭ | পাংশা | রাজবাড়ী |
| (২৯) | শিকজান | ২৪২ | পাংশা | রাজবাড়ী |
| (৩০) | নিভা | ১৫৬ | পাংশা | রাজবাড়ী |
| (৩১) | সাতটা | ২১৯ | পাংশা | রাজবাড়ী |
| (৩২) | ফরিদপুর | ৬৩ | বালিয়াকান্দি | রাজবাড়ী |
| (৩৩) | রতনদিয়া | ১৫০ | বালিয়াকান্দি | রাজবাড়ী |
| (৩৪) | নলিয়া | ১৪৫ | বালিয়াকান্দি | রাজবাড়ী |
| (৩৫) | বেরুলী | ১৮ | বালিয়াকান্দি | রাজবাড়ী |
| (৩৬) | লক্ষনদিয়া | ১৪৮ | বালিয়াকান্দি | রাজবাড়ী |

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.০৭৮.২০১০.১১৭**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪ (২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

**তফসিল**

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | খতিয়ান সংখ্যা | সিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| (১) | আমুদ পুর | ৪১ | ৪৬ | ০১ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (২) | করুনাপুর | ৭৭ | ২৩৩ | ০১ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (৩) | উত্তর শ্রীপুর | ১৬৬ | ১৫৮ | ০১ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (৪) | ধনঞ্জয় | ১৭১ | ২৫৬ | ০১ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (৫) | ফরিঙ্গা | ১৯২ | ৬৫ | ০১ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (৬) | মধ্য লক্ষীপুর | ২৫১ | ১৯৩ | ০১ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (৭) | ধনপুর | ২৯১ | ১৩৩ | ০১ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (৮) | মুরাদপুর | ৩০৮ | ৭৯ | ০১ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (৯) | ধনপুর | ৩১৬ | ১৯৫ | ০১ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (১০) | মধ্য কৃষ্ণপুর | ৩৩৫ | ১১১ | ০১ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (১১) | ধনাজোড় | ৩৪০ | ১৬৯ | ০১ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (১২) | মধ্য নওয়াপাড়া | ২৩৩ | ১৭২ | ০১ | দাউদকান্দি | কুমিল্লা |
| (১৩) | পশ্চিম হাসনপুর | ১০৪ | ৮২ | ০১ | হোমনা | কুমিল্লা |
| (১৪) | বলরামপুর | ১২ | ৩১৪ | ০১ | হোমনা | কুমিল্লা |
| (১৫) | বাঘমারা | ৪০ | ৭৮৫ | ০১ | হোমনা | কুমিল্লা |
| (১৬) | গোপালপুর | ৪১ | ১১৯ | ০১ | হোমনা | কুমিল্লা |
| (১৭) | জয়পুর | ৯৩ | ৭১১ | ০২ | হোমনা | কুমিল্লা |
| (১৮) | তাতুয়াকান্দি | ৯৮ | ১০৬৩ | ০২ | হোমনা | কুমিল্লা |
| (১৯) | চিরার চর | ০৩ | ০১ | ০১ | চাঁদপুর সদর | চাঁদপুর |
| (২০) | মরারচর | ০১ | ০১ | ০১ | চাঁদপুর সদর | চাঁদপুর |
| (২১) | পুরন্দর পুর | ৩৪ | ০১ | ০১ | চাঁদপুর সদর | চাঁদপুর |
| (২২) | চর প্রকাশ | ৩৫ | ০১ | ০৩ | চাঁদপুর সদর | চাঁদপুর |
| (২৩) | চর জগন্নাথ | ৩৭ | ০১ | ০১ | চাঁদপুর সদর | চাঁদপুর |
| (২৪) | গোক্ষুরদী | ১২১ | ০১ | ০১ | চাঁদপুর সদর | চাঁদপুর |
| (২৫) | চরভুলী | ১৩৭ | ০১ | ০১ | চাঁদপুর সদর | চাঁদপুর |
| (২৬) | বেদপুর | ১০২ | ৮৪ | ০১ | কচুয়া | চাঁদপুর |
| (২৭) | দরিলক্ষীপুর | ১২৭ | ১০১ | ০১ | কচুয়া | চাঁদপুর |
| (২৮) | গোবিন্দপুর | ১৪২ | ১০৫ | ০১ | কচুয়া | চাঁদপুর |
| (২৯) | ধনাইয়া | ১৫৬ | ৬৮ | ০১ | কচুয়া | চাঁদপুর |
| (৩০) | নরসিংহেশ্বর | ২০ | ৭৩৮ | ০১ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| (৩১) | বেহাইর | ২৬ | ১৭২০ | ০৩ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| (৩২) | আদমপুর | ১০৬ | ৪৪৪ | ০২ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| (৩৩) | পেটুয়াজুরী | ১২৬ | ৫৭৬ | ০১ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| (৩৪) | জামালপুর | ১৩৩ | ১৯৬ | ০১ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| (৩৫) | খাদুরাইল | ১৫০ | ৮০০ | ০২ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| (৩৬) | জলিলপুর | ৪৮ | ৪৮ | ০১ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| (৩৭) | বামুটিয়া | ৩২২ | ৩২২ | ০১ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| (৩৮) | নজরপুর | ১১১ | ১১১ | ০১ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| (৩৯) | হজারিয়া | ৪৩২ | ৪৩২ | ০১ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | খতিয়ান সংখ্যা | সিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| (৪০) | ছোট গোকর্ণ | ৭২ | ৭২ | ০১ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| (৪১) | রামরাইল | ৬৫০ | ৬৫০ | ০২ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |
| (৪২) | দুবলা | ৩৩১ | ৩৩১ | ০১ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া |

তারিখ, ১৩ জ্যৈষ্ঠ ১৪২১/২৭ মে ২০১৪

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৯১.২০১০.১১৭**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪ (২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

**তফসিল**

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | চর শেফালী | ১০০ | মেহেন্দীগঞ্জ | বরিশাল |
| (২) | কমিশনারের চর | ৮২ | মুলাদী | বরিশাল |
| (৩) | আইচা | ৭৫ | বরিশাল সদর | বরিশাল |
| (৪) | চর গোপালপুর | ৯২ | বরিশাল সদর | বরিশাল |
| (৫) | পীরের চর | ১১০ | মিরসরাই | চট্টগ্রাম |
| (৬) | সাধুরচর | ১১১ | মিরসরাই | চট্টগ্রাম |
| (৭) | শিল্পচর | ১১২ | মিরসরাই | চট্টগ্রাম |
| (৮) | চর মোশাররফ | ১১৩ | মিরসরাই | চট্টগ্রাম |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুর্শিদা শারমিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৭ জ্যৈষ্ঠ ১৪২১/২১ মে ২০১৪

**নং ৪৮.০০.০০০০.০০১.০৫৬.০০১.২০০১-৩৭১**—সরকার ১৯৭২ সনের পিও নম্বর-৯৪ এর অধীনে প্রণীত প্রবিধানমালার ৩ ধারা অনুসারে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর 'নির্বাহী কমিটি' নিম্নোক্ত সদস্যের সমন্বয়ে পূনর্গঠন করিলেন ঃ

**নির্বাহী কমিটি ঃ**

**সভাপতি**

(১) জনাব আ. ক. ম মোজাম্মেল হক, এমপি, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) জনাব এইচ এন আশিকুর রহমান, সংসদ সদস্য ২৩ রংপুর-৫

(৩) জনাব ফরহাদ হোসেন, সংসদ সদস্য ৭৩ মেহেরপুর-১

(৪) জনাব আ খ ম জাহাঙ্গীর হোসাইন, সংসদ সদস্য ১১৩ পটুয়াখালী-৩

(৫) জনাব মোঃ আব্দুর রাজ্জাক, সংসদ সদস্য ১৩০ টাংগাইল-১

(৬) সচিব, অর্থ বিভাগ

(৭) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

(৮) সচিব, শিল্প মন্ত্রণালয়

**সদস্য সচিব (পদাধিকার বলে)**

(৯) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

**নির্বাহী কমিটির কার্যপরিধি ঃ**

নির্বাহী কমিটি বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের বোর্ড অব ট্রাস্টিজ এর পক্ষে নিম্নরূপ দায়িত্বসমূহ সম্পাদন করিবে ঃ—

(১) বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের কার্যাবলী সম্পাদনের নিমিত্ত আইন ও এর অধীনে প্রণীত বিধি দ্বারা বোর্ড অব ট্রাস্টিজের উপর অর্পিত যাবতীয় দায়িত্ব অনুসরণ ;

(২) বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনা কমিটির কার্যাবলী তদারকি ;

(৩) বোর্ড অব ট্রাস্টিজের পূর্বানুমোদন সাপেক্ষে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের কোন স্থাবর সম্পত্তি বিক্রয়/হস্তান্তর এবং নিজস্ব কোন প্রতিষ্টান দীর্ঘমেয়াদী ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ ;

(৪) বোর্ড অব ট্রাস্টিজের পূর্বানুমোদন সাপেক্ষে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও অধীনস্ত সব চালু শিল্প প্রতিষ্ঠানসমূহের পরিচালনা ও সম্প্রসারণ সংশ্লিষ্ট সিদ্ধান্ত ও বন্ধ শিল্প প্রতিষ্ঠানসূহ পুনরায় চালুকরণ/উন্নয়নের মাধ্যমে বিকল্প ব্যবহারের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ ; এবং

(৫) সময় সময় বোর্ড অব ট্রাস্টিজ এর মাননীয় চেয়ারম্যান কর্তৃক অর্পিত দায়িত্ব সম্পাদন।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ নূর আলম**
উপ-সচিব (প্রশাসন)।

---

**যোগাযোগ মন্ত্রণালয়**
**সড়ক বিভাগ**
**সওজ গেজেটেড সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ জুন ২০১৪

**নং ৩৫.০২২.০১৫.০০.০০.০৮৫.২০১২-৪৭৫**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০-০২-২০১৩ তারিখের ০৫.১৫৮.০১৫.০৪. ০০.০২১. ২০১১-৬২ সংখ্যক এবং অর্থ বিভাগের ১৮-০৩-২০১৪ তারিখের ০৭.১৫৫.০১৫.৩৫.০০.০০২.২০০৭-১৬৬ সংখ্যক স্মারকের পরিপ্রেক্ষিতে সড়ক বিভাগের অধীনস্থ সড়ক ও জনপথ অধিদপ্তর এর প্রধান কার্যালয় এবং ঢাকা, খুলনা ও চট্টগ্রাম জোনে ০১ (এক)টি করে মোট ০৪ (চার)টি আইন ও এস্টেট কর্মকর্তার পদসহ নিম্নবর্ণিত ১৩ (তের)টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে সৃজনের সরকারি মঞ্জুরী নির্দেশক্রমে জ্ঞাপন করছিঃ

| ক্রমিক নং | পদের নাম | সুপারিশকৃত পদের সংখ্যা | বেতনস্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | এস্টেট ও আইন কর্মকর্তা | ০৪(চার)টি(প্রেষণে) | প্রেষণে সংশ্লিষ্ট কর্মকর্তা নিজ বেতনস্কেলে বেতন প্রাপ্য হবেন। | প্রধান কার্যালয়, ঢাকা, খুলনা ও চট্টগ্রাম জোনে ১টি করে |
| (২) | প্রশাসনিক কর্মকর্তা | ০৪(চার)টি | টাঃ ৮০০০-১৬৫৪০ | |
| (৩) | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৪(চার)টি | টাঃ ৪৭০০-৯৭৪৫ | |
| (৪) | রেকর্ড কিপার | ০১(এক)টি | টাঃ ৪৭০০-৯৭৪৫ | প্রধান কার্যালয়ের জন্য |
| | মোট | ১৩(তের)টি | | |

২। নবসৃষ্ট বর্ণিত পদসমূহের যাবতীয় ব্যয় সড়ক ও জনপথ অধিদপ্তরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে।

৩। এতে জনপ্রশাসন মন্ত্রণালয় অর্থ বিভাগের সম্মতি এবং অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক বেতন নির্ধারণসহ সকল আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে।

**মোহাঃ লিয়াকত আলী খান**
সহকারী সচিব।

## রেলপথ মন্ত্রণালয়
## প্রশাসন-৩ (শৃঙ্খলা) শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ০১ জ্যৈষ্ঠ ১৪২১/১৫ মে ২০১৪

**নং ৫৪.০০.০০০০.০০৮.০২৭.০২০.১৩-৬৪**—যেহেতু, জনাব মোঃ রমজান আলী, নির্বাহী প্রকৌশলী (প্রেষণে)/সদর, লাকসাম-চিনকী আস্তানা ডাবল লাইন নির্মাণ প্রকল্প (চঃদাঃ), চট্টগ্রাম পদে কর্মরত থাকা অবস্থায় গত ২২-০৭-২০১৩ ও ২৩-০৭-২০১৩ তারিখে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করে ঢাকায় অবস্থান করেন। জরুরী সরকারি কাজে তাঁকে কর্মস্থলে খুঁজে পাওয়া যায়নি। একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে তাঁর এহেন আচরণ ও কার্যক্রম সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ" (Misconduct) অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, জনাব মোঃ রমজান আলী, নির্বাহী প্রকৌশলী (প্রেষণে)/সদর, লাকসাম-চিনকী আস্তানা ডাবল লাইন নির্মাণ প্রকল্প (চঃদাঃ), চট্টগ্রাম গত ২০-১০-২০১৩ তারিখে লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানীর আবেদন করেন এবং ২১-১১-২০১৩ তারিখে তিনি ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করে আত্মপক্ষ সমর্থনে যুক্তি প্রদর্শন করেন। তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত মৌখিক বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে ঘটনার সত্যতা নিরূপণের জন্য তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব আশরাফুজ্জামান, উপ-সচিব/অডিট, রেলপথ মন্ত্রণালয়কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা জনাব আশরাফুজ্জামান, উপসচিব গত ২১-০৪-২০১৪ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করে প্রতিবেদনে জনাব মোঃ রমজান আলী, নির্বাহী প্রকৌশলী (প্রেষণে)/সদর, লাকসাম-চিনকী আস্তানা ডাবল লাইন নির্মাণ প্রকল্প (চঃদাঃ), চট্টগ্রাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে আনীত "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগ সাক্ষ্য প্রমাণে তথা তদন্তে প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করেন; এবং

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামত, বিভাগীয় মামলার নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে আনীত "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগ সুনির্দিষ্টভাবে প্রমাণিত না হওয়ায় এ বিভাগীয় মামলার দায় হতে তাঁকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ রমজান আলী, নির্বাহী প্রকৌশলী (প্রেষণে)/সদর, লাকসাম-চিনকী আস্তানা ডাবল লাইন নির্মাণ প্রকল্প (চঃদাঃ), চট্টগ্রামকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী এর ৩(বি) বিধি মোতাবেক আনীত "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবুল কালাম আজাদ**
সচিব।

## শিল্প মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ২১ মে ২০১৪

**নং ৩৬.০৭৪. ০২২.০৩.০১ ০৯৫.২০০৬/১০৩**—পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) ফাউন্ডেশন এর আর্টিকেলস্ অব এসোসিয়েশনের ৪১(i) বিধিমতে জনাব কে এম হাবিব উল্লাহ (বেইলী হাইটস, এপার্টমেন্ট ১৪/ই/২, নিউ বেইলী রোড, রমনা, ঢাকা) কে এসএমই ফাউন্ডেশন এর চেয়ারম্যান হিসেবে মনোনয়ন প্রদান করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জুলফিকার আলী হায়দারী**
উপ-সচিব(এসএমই)।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
## অধিশাখা-৪

### প্রজ্ঞাপন

তারিখ, ০২ আষাঢ় ১৪২১/১৬ জুন ২০১৪

**নং সবিম/শাঃ ৩/লোকাশি-২৭/০৯/২২৯**—বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আইন-১৯৯৮ এর ৬ ধারায় অর্পিত ক্ষমতাবলে পুনরাদেশ না দেয়া পর্যন্ত সরকার নিম্নরূপভাবে বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের পরিচালনা বোর্ড পুনর্গঠন করল :

**চেয়ারম্যান**

(১) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী ।

**সদস্যবৃন্দ**

(২) জনাব লিয়াকত হোসেন খোকা, ২০৬ নারায়ণগঞ্জ-৩, মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ।

(৩) জনাব সুকুমার রঞ্জন ঘোষ, ১৭১ মুন্সিগঞ্জ-১, মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ।

(৪) বেগম সাগুফতা ইয়াসমিন, ১৭২ মুন্সিগঞ্জ-২, মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ।

(৫) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

(৬) অর্থ বিভাগের প্রতিনিধি (অন্যূন যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা।

(৭) মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর

(৮) চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা

(৯) মহাপরিচালক, বাংলা একাডেমি

(১০) চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন

(১১) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উপসচিব

(১২) জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ

(১৩) জনাব মোহাম্মদ সিরাজুদ্দিন, বাংলাদেশ সরকারের অবসরপ্রাপ্ত সচিব এবং লোক ও কারুশিল্প অনুরাগী।

(১৪) জনাব কাউয়ুম চৌধুরী, বিশিষ্ট চিত্রশিল্পী এবং লোক ও কারুশিল্প অনুরাগী।

(১৫) জনাব মোহাম্মদ আবুল হাসেম খান, বিশিষ্ট চিত্রশিল্পী এবং লোক ও কারুশিল্প অনুরাগী।

(১৬) পরিচালক, চারুকলা ইন্সটিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

(১৭) পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।

২। উক্ত পরিচালনা বোর্ড বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আইন-১৯৯৮ (১৯৯৮ সনের ৮নং আইন)'র ৫-৮ ধারায় প্রতিফলিত কার্যাবলীর আলোকে কার্য সম্পাদন করবেন।

৩। এ মন্ত্রণালয়ের ১১-০৬-২০০৯ তারিখের সবিম/শাখা-৩/লোকাশি-২৭/২০০৯/১৫৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের পরিচালনা বোর্ড এতদ্বারা বাতিল করা হলো।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন**
উপসচিব।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৪ অধিশাখা**

**আদেশ**

তারিখ, ১৫ জ্যৈষ্ঠ ১৪২১/২৯ মে ২০১৪

**নং ৪১.০০.০০০০.০৩৬.২৭.০৪২.১২.৩৪১**—যেহেতু, জনাব মোঃ রেজাউল হক, উপ-তত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক), নাটোর (বর্তমান কর্মস্থল-সমাজসেবা অফিসার (রেজিঃ), জেলা সমাজসেবা কার্যালয়, যশোর) এর দায়িত্ব পালনে অবহেলার কারণে কিশোর উন্নয়ন কেন্দ্র, পুলেরহাট যশোর'র বিচারাধীন নিবাসী মোঃ সজল (বয়স ১৫), পিতা মোঃ মনোয়ার হোসেন, (ঠিকানা মধ্য বাসুদেবপুর, থানা হাকিমপুর, জেলা দিনাজপুর) কর্তৃক কেন্দ্রের নিরাপদ হেফাজতি কিশোর আকাশ (বয়স ১২), পিতা শাহাবুদ্দিন, থানা ও গ্রাম-অজ্ঞাত, জেলা-পঞ্চগড় ২৯-০৮-২০১১ তারিখে কেন্দ্রের ভিতর নিহত হওয়ার বিষয়টি তদন্তে প্রমাণিত হয়;

যেহেতু, তিনি কিশোর উন্নয়ন কেন্দ্র, পুলেরহাট, যশোর'র ভারপ্রাপ্ত সহকারী পরিচালক এর দায়িত্ব পালনকালে তাঁর দুর্বল মনিটরিং ও যথাযথ তাদারকির অভাবে প্রতিষ্ঠানটির কার্যক্রম সার্বিক অব্যবস্থাপনার শিকার হয় বিধায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলার লিখিত জবাব দাখিল করে পুনঃতদন্তের আবেদন করেন এবং পুনঃতদন্তে দুর্বল মনিটরিং এর জন্য তাঁকে পরোক্ষভাবে দায়ী করা হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব, পুনঃতদন্ত প্রতিবেদন, সমাজসেবা অধিদফতরের মতামত এবং সার্বিক বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ রেজাউল হক, উপ-তত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক), নাটোর (বর্তমান কর্মস্থল-সমাজসেবা অফিসার রেজিঃ), জেলা সমাজসেবা কার্যালয়, যশোর) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী আনীত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(২)(সি) মোতাবেক আগামী ০২(দুই) বসরের জন্য তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা হলো এবং বিভাগীয় মামলটি (মামলা নং ২১, তারিখ ১৭-০২-২০১৩ নিষ্পত্তি করা হলো।

অবিলম্বে এ আদেশ কার্যকর বলে গণ্য করা হবে।

**নাছিমা বেগম** এনডিসি
ভারপ্রাপ্ত সচিব।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রতিবন্ধী ও এতিম বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ চৈত্র ১৪২০/৬ এপ্রিল ২০১৪

**নং ৪১.০০.০০০০.০৫৪.৫২.০৫২.১৩-৯১**—প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ১৭ ধারা অনুযায়ী নিম্নরূপভাবে জাতীয় সমন্বয় কমিটি গঠন করা হলো ঃ—

**সভাপতি**

(১) মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়;

**সদস্যবৃন্দ**

(২) মাননীয় স্পীকার কর্তৃক মনোনীত দু'জন সংসদ সদস্য (একজন সরকারদলীয় এবং অন্যজন প্রধান বিরোধীদলীয় হবেন)।

(৩) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়;

(৪) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়;

(৫) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;

(৬) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;

(৭) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;

(৮) সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়;

(৯) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;

(১০) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;

(১১) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;

(১২) সচিব, শিক্ষা মন্ত্রণালয়;

(১৩) সচিব, তথ্য মন্ত্রণালয়;

(১৪) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়;

(১৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;

(১৬) সচিব, অর্থ বিভাগ ও অর্থ মন্ত্রণালয়;

(১৭) সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ;

(১৮) সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;

(১৯) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর;

(২০) প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সুরক্ষায় কর্মরত বেসরকারি সংস্থা, প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন বা স্ব-সহায়ক সংগঠন হতে সরকার কর্তৃক মনোনীত ৪(চার) জন মহিলা এবং ৩(তিন) জন পুরুষ প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(২১) ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবেদা আফসারী**
সহকারী সচিব।

---

**[একই নম্বর, স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে]**

**অফিস আদেশ**

তারিখ, ০৫ জ্যৈষ্ঠ ১৪২১/১৯ মে ২০১৪

**নং ৪১.০০.০০০০.০৫৪.৫২.০৫২.১৩-১৬৭**—প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ২(১৮) ধারা অনুযায়ী বিধি প্রণয়নের লক্ষ্যে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন।

**সদস্যবৃন্দ**

(২) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর প্রতিনিধি।

(৩) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর প্রতিনিধি

(৪) সচিব, শিক্ষা মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি

(৫) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর প্রতিনিধি

(৬) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর প্রতিনিধি

(৭) সভাপতি, সুইড বাংলাদেশ, ৪/এ, ইস্কাটন গার্ডেন, ঢাকা।

(৮) সভাপতি, প্যারেন্টস ফোরাম ফর ডিফারেন্টলি অ্যাবল, ঢাকা-১২০৬।

(৯) সভাপতি, বিভিআইপিএস, হাউস-ল-৫২, পোস্ট অফিস রোড, মধ্যবাড্ডা, ঢাকা-১২১২।

(১০) সভাপতি, ন্যাডপো, ২৪ মনিপুরিপাড়া, সংসদ এভিনিউ, ঢাকা।

(১১) নির্বাহী পরিচালক, সিডিডি, ডি/৫৫, তালবাগ, সাভার, ঢাকা।

(১২) সভাপতি, এস ডি এস এল, ৮০ ইন্দিরা রোড, ফার্মগেট, ঢাকা।

(১৩) সভাপতি, জাতীয় প্রতিবন্ধী ফোরাম, ৮/৯ ব্লক-এ লালমাটিয়া, ঢাকা।

(১৪) পরিচালক, জাতীয় প্রতিবন্ধী ফোরাম, ৮/৯, ব্লক-এ, লালমাটিয়া, ঢাকা।

(১৫) ওসোফমেহেরি, সাধারণ সম্পাদক, ১৪ গ্রীণওয়ে, মগবাজার, ঢাকা-১২১৭।

**সদস্য-সচিব**

(১৬) যুগ্মসচিব (প্রতিষ্ঠান), সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

২। গঠিত কমিটি যথাশীঘ্র সম্ভব প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর খসড়া বিধিমালা প্রণয়নপূর্বক সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় সমীপে দাখিল করবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবেদা আফসারী**
সহকারী সচিব।

---

**প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা বিষয়ক শাখা**

**অফিস আদেশ**

তারিখ, ০৮ জ্যৈষ্ঠ ১৪২১/২৫ মে ২০১৪

**নং ৪১.০০.০০০০.০৫৪.৫৭.০৫৭.১৩-১৭৩**—নিউরোডেভেলপমেন্টাল প্রতিবন্ধী বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে ২২-০৪-২০১৪ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব, নাছিমা বেগম এনডিসি এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে নিউরোডেভেলপমেন্টাল প্রতিবন্ধী বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে নিম্নলিখিত কমিটি গঠন করা হলে :

**আহ্বায়ক**

(১) ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন।

**সদস্যবৃন্দ**

(২) জনাব মোঃ ওমর ফারুক, যুগ্মসচিব ও এনপিডি, সিএসপিবি।

(৩) ডা. রওনাক হাফিজ, চেয়ারপারসন, অটিজম ওয়েলফেয়ার ফাউণ্ডেশন।

(৪) সাবিনা হোসেন, প্রিন্সিপার, সোয়াক

(৫) ফরিদা ইয়াসমিন, নির্বাহী পরিচালক, ডিআরআরএ

(৬) দিলারা সাত্তার মিতু, পরিচালক, সীড ট্রাস্ট, ঢাকা

(৭) জনাব রফিক জামান, সমন্বয়কারী, জাতীয় প্রতিবন্ধী ফোরাম।

(৮) প্রফেসর মনিমুল হক, শিশু হাসপাতাল, ঢাকা।

(৯) ডা. অজন্তা রানী সাহা, সাধারণ সম্পাদক, এসোসিয়েশন ও ডাউন সিনড্রোম, সুইড বাংলাদেশ।

**সদস্য-সচিব**

(১০) আবেদা আফসারী, সহকারী সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

২। গঠিত কমিটি আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে এ বিষয়ে একটি পূর্ণাঙ্গ কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে দাখিল করবেন। নির্ধারিত সময়সীমার মধ্যে প্রয়োজনীয় সংখ্যক কর্মশালার আয়োজন করবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবেদা আফসারী**
সহকারী সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃংখলা-১ শাখা**

**আদেশাবলী**

তারিখ ১৫ মে ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪০.২০১২-৩৭৪**—যেহেতু, ডাঃ মোঃ মাহমুদুর রহমান (৪৪০৪৫), মেডিকেল অফিসার, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা (প্রাক্তান বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিমতে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ০১-০৪-২০১২ তারিখে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৭-০২-২০১২ তারিখের স্বাপকম/চিশি-১/শিক্ষাছুটি-০১/২০১২-২৪নং স্মারকে ০১-০৭-২০১১ তারিখ হতে ৩১-১২-২০১১ তারিখ পর্যন্ত সময়কে ভূতাপেক্ষভাবে শিক্ষাছুটি মঞ্জুর করা হয়;

এক্ষণে, সেহেতু, , ডাঃ মোঃ মাহমুদুর রহমান (৪৪০৪৫), মেডিকেল অফিসার, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শনো নোটিশের জবাব এবং ভূতাপেক্ষভাবে শিক্ষাছুটি মঞ্জুর করার প্রেক্ষিতে সার্বিক বিবেচনায় বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

তারিখ ১৯ মে ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬২.২০১৩-৩৮৭**—যেহেতু, ডাঃ নাজমুস সাকিব ফেরদৌস (১১৪১০৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, খাসেরহাট উপস্বাস্থ্য কেন্দ্র, কালকিনি, মাদারীপুর) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় তাঁকে কেন 'চাকুরি হতে বরখাস্ত' করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ নাজমুস সাকিব ফেরদৌস (১১৪১০৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তকারী কর্মকর্তার মতামত ও ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধিমতে তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

তারিখ ১৮ মে ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৭.২০১৩-৩৯০**—যেহেতু, ডাঃ এ. এস. এম তানজিলুর রহমান (১০০১৭৪৬), আবাসিক সার্জন, ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতাল, ফরিদপুর এর বিরুদ্ধে ১২-০১-২০১৪ তারিখে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১২-০৫-২০১৪ তারিখে তাঁর ব্যক্তি শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, তিনি ২৭ তম বিসিএস এর মাধ্যমে সরকারি চাকুরীতে যোগদান করেন। তিনি তার চাকুরির ব্যাপারে সদা যত্নবান। কিন্তু পারিবারিক এক সমস্যার কারণে তিনি এ অভিযোগের মুখামুখি হয়েছেন যা এড়ানো তার পক্ষে সম্ভব না হওয়ায় তিনি একান্ত বাধ্য হয়ে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ এ. এস. এম তানজিলুর রহমান (১০০১৭৪৬), আবাসিক সার্জন, ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতাল, ফরিদপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শনো নোটিশের জবাব শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

তারিখ ২৫ মে ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৯.২০১৩-৩৯৭**—যেহেতু, ডাঃ আহম্মদ হোসেন (১১৪৪৫৪), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালটেন্ট সার্জারী পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কমলগঞ্জ, মৌলভীবাজার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে ২৮-১১-২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৯.২০১৩-৯৯৫নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ আহম্মদ হোসেন (১১৪৪৫৪), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালটেন্ট সার্জারী পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কমলগঞ্জ, মৌলভীবাজার এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শনো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি

কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধির আদেশ জারির তারিখ হতে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**জনস্বাস্থ্য-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ মে ২০১৪

**নং স্বাপকম/জনস্বাস্থ্য-১/অটিজম-১/২০১২/১৩৮**—অটিজম ও স্নায়ু বিকাশজনিত সমস্যার গুরুত্ব বিবেচনা করে অটিজম ও স্নায়ু বিকাশজনিত সমস্যা বিষয়ক কার্যাদি দ্রুততার সাথে ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে সাময়িকভাবে নিম্নোক্ত পদ সমন্বয়ে "অটিজম ও স্নায়ু বিকাশজনিত সমস্যা বিষয়ক সেল" গঠন করা হ'ল। পরবর্তী সময়ে উক্ত সেল স্থায়ীভাবে গঠনের প্রয়োজন হলে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের মতামত/পরামর্শ নিয়ে স্থায়ী সেল গঠন করা হবে।

| ক্রমিক নং | পদের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবী | সংখ্যা |
|---|---|---|---|
| (১) | উপদেষ্টা | অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | ১(এক) |
| (২) | মহাপরিচালক | যুগ্ম-সচিব পর্যায়ের কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | ১(এক) |
| (৩) | পরিচালক | উপসচিব পর্যায়ের কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | ১(এক) |
| (৪) | উপপরিচালক | সিনিয়র কনসালটেন্ট/ সহকারী অধ্যাপক/জুনিয়র কনসাল্টেন্ট/প্রভাষক (ডাক্তার)। | ২(দুই) |
| (৫) | কম্পিউটার অপারেটর | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | ১(এক) |
| (৬) | এমএলএসএস | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | ১(এক) |

**সেলের কার্যপরিধি নিম্নরূপঃ**

(১) অটিজম ও স্নায়ু বিকাশজনিত সমস্যা (NDDs) বিষয়ক উপদেষ্টা কমিটি, স্টিয়ারিং কমিটি এবং টেকনিক্যাল গাইডেন্স কমিটির সার্বিক কার্যক্রমে সহায়তা প্রদান।

(২) (NDDs) বিষয়ে গৃহীত আন্তঃমন্ত্রণালয় কার্যক্রমের সমন্বয় সাধন।

(৩) সারাদেশে এ বিষয়ে কার্যক্রম পরিচালনাকারী সংস্থা/সংগঠনসমূহের তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও সমন্বয় সাধন।

(৪) আন্তর্জাতিক পর্যায়ে (WHO) সহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা কর্তৃক (NDDs) বিষয়ে গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতির তথ্য সংগ্রহ ও সংরক্ষণ।

(৫) অটিজম ও স্নায়ু বিকাশজনিত সমস্যা বিষয়ক সভা আহবানসহ যাবতীয় কার্যাবলী সম্পাদন।

**মোঃ আব্দুর রহিম**
উপ-সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**কারা-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৫ আষাঢ় ১৪২১/১৯ জুন ২০১৪

**নং ৪৪.০০.০০০০.০২৩.০৯.০০১.১৩-২০১**—সরকার The Bengal Jail Code 1864 এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ

উপরি-উক্ত Code এর VOLUME 1 এর Part 1 এর rule 910 এর Sub-rule (1) এর নিম্নরূপ নতুন Sub-rule (1a) সংযোজিত হইবে, যথাঃ—

"(1a) Notwithstanding anything contained in sub-rule (1), offical of class-1 status or equivalent (in-service and retired) who are under-trial prisoners, shall be eligible for Division-1 on admission into the Jail."।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সালমা বেগম**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**(সিটি কর্পোরেশন-২ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ জ্যৈষ্ঠ ১৪২১/০২ জুন ২০১৪

**নং ৪৬.০০.০০০০.০৭১.১৪.০১৩.১৪.২৩৭**—নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ০২ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ নজরুল ইসলাম গত ২৭ এপ্রিল ২০১৪ তারিখে দুস্কৃতকারীদের দ্বারা অপহৃত হন এবং গত ৩০ এপ্রিল ২০১৪ তারিখে শীতলক্ষ্যা নদী হতে তাঁর লাশ উদ্ধার করা হয়। তাঁর মৃত্যুজনিত কারণে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৫(ঙ) ধারা মোতাবেক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ০২ নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলরের পদটি এতদ্বারা শূন্য ঘোষণা করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জসীম উদ্দীন হায়দার**
সিনিয়র সহকারী সচিব।

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

**পরিকল্পনা উন্নয়ন শাখা ৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ মে ২০১৪

নং **৪৭.০৩৮.০১৪.০০.০০.০৪৩.২০১২-৪০**—জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত গত ২৬-০৫-২০১১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন Installation of Solar Systems at Union Information and Service Center (UISC)-শীর্ষক প্রকল্পের কার্যক্রম মনিটরিং এর জন্য নিম্নরূপ একটি প্রকল্প মনিটরিং কমিটি গঠন করা হলো।

**আহ্বায়ক**

(১) অতিরিক্ত সচিব (উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

**সদস্যবৃন্দ**

(২) যুগ্ম-সচিব (উন্নয়ন অধিশাখা), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

(৩) বন ও পরিবেশ মন্ত্রণালয়ের বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ ট্রাস্টের একজন প্রতিনিধি।

(৪) পরিকল্পনা কমিশনের কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের একজন প্রতিনিধি।

(৫) আইএমইডি এর একজন প্রতিনিধি

(৬) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন।

(৭) উপ-প্রধান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

(৮) সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা

(৯) উপ-প্রকল্প পরিচালক

**সদস্য-সচিব**

(১০) প্রকল্প পরিচালক

**কমিটির কার্যপরিধি নিম্নরূপ ঃ**

(ক) কমিটি প্রতি ৩ (তিন) মাস অন্তর একবার সভায় মিলিত হবে এবং প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যালোচনা করবে;

(খ) প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

(গ) প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভূত সমস্যা সমাধানে সহযোগীতা প্রদান; এবং

(ঘ) বিবিধ।

২। কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক সদস্যকে কো-অপ্ট করার সুপারিশ করতে পারবে।

আদেশক্রমে

**মোঃ আব্দুল কাদের**
সহকারী সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**

**অধিশাখা-১০**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ শ্রাবণ ১৪২১/২৩ জুলাই ২০১৪

নং **৩৭.০০.০০০০.০৭১.০৭.০০২.০৮-৬৬৮**—বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির যুব রেড ক্রিসেন্ট তহবিল গঠন এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান (বিদ্যালয়, মহাবিদ্যালয়, মাদ্রাসা, কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান) যুব রেড ক্রিসেন্ট দল গঠন বাধ্যতামূলক করার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের ১৫-০২-২০১২ তারিখের শিম/ শাখা-১০/৭(এনসিটিবি)-২/২০০৮/১৭৬ নং প্রজ্ঞাপনের আংশিক সংশোধনক্রমে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

(১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডসমূহ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড-এর নির্দেশে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ রেজিস্ট্রেশনের সময় ৮ম শ্রেণিতে ১০/- টাকা, ৯ম ও ১০ম শ্রেণিতে (১০+১০)=২০/- টাকা এবং একাদশ ও দ্বাদশ শ্রেণিতে (১০+১০)=২০/- টাকা হারে এককালীন রেড ক্রিসেন্ট ফি আদায় করবে।

(২) আদায়কৃত অর্থের ৬০ শতাংশ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডে প্রেরণ করবে। বোর্ডসমূহ প্রাপ্ত অর্থের ১৫ শতাংশ সার্ভিস চার্জ রেখে বাকী অর্থ ২ (দুই) মাসের মধ্যে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির জাতীয় সদর দপ্তরে প্রেরণ করবে।

(৩) বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এতদ্‌সংক্রান্ত অগ্রগতি মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও শিক্ষাবোর্ডের চেয়ারম্যানগণকে প্রতি বছর অবহিত রাখবেন এবং তাদের পরামর্শ গ্রহণ করবেন।

(৪) রেড ক্রিসেন্ট সংশ্লিষ্ট কার্যক্রমের জন্য দায়িত্বপ্রাপ্ত শিক্ষককে ২০০ (দুইশত) টাকা হারে সম্মানী প্রদান করা হবে এবং প্রধান শিক্ষক/অধ্যক্ষ উক্ত টাকা প্রদান নিশ্চিত করবেন।

(৫) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম নিশ্চিতকরণার্থে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড নিয়মিত তদারকি করবে।

(৬) রেড ক্রিসেন্ট সোসাইটি তার সার্বিক ব্যবস্থাপনা ও কার্যক্রমে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং সংশ্লিষ্ট বোর্ডের চেয়ারম্যানকে সম্মানজনক অবস্থানে অন্তর্ভুক্ত করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ এনামুল কাদের খান**
উপ সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৬ ভাদ্র ১৪২১/১০ সেপ্টেম্বর ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৪.০৩০.১৩-২১৮**—১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ১নং উপ-ধারার ক্ষমতাবলে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের অভিপ্রায় অনুযায়ী প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের স্বার্থে নিম্নোক্ত এলাকাতে জরিপ শুরু করার নিমিত্ত দ্রুত গেজেট করার জন্য প্রশাসনিক অনুমোদন দেয়া হলো ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | মোট এরিয়া | গ্রামের নাম | থানার নং | এরিয়া |
|---|---|---|---|---|---|---|
| (১) | রূপচরকনিকা | ১২৯ | ৪১৯.৯৩ | রূপচরকনিকা | ঈশ্বরদী | ৪১৯.৯৩ |
| (২) | সাড়া পশ্চিম | ১৩০ | ১৭৮.০০ | সাড়া পশ্চিম | ঈশ্বরদী | ১৭৮.০০ |

**মুর্শিদা শারমিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ২০ আগস্ট ২০১৪

**নং বিচার-৭/২এন-০১/২০০২(অংশ)-৪২০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আজিজুল হক, পিতা মোঃ বাদশা মিয়া, গ্রাম চৌয়ারীপাড়া, ডাকঘর ডেইরিফার্ম, থানা আশুলিয়া, উপজেলা সাভার, জেলা ঢাকা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা জেলার সাভার উপজেলার আশুলিয়া থানার পাথালিয়া ইউনিয়নের ২নং হতে ৯নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**মোহাম্মাদ শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

**আদেশ**

তারিখ, ১৭ নভেম্বর ২০১৩

নং **বিচার-৭/২এন-৮৬/২০১৩-১৫৮৪**—আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক জনাব মুহাম্মদ আলমগীর হোসেন, পিতা মুহাম্মদ রুহুল আমিন পাটোয়ারী, মাতা জয়নব বানু, গ্রাম বামনী, পোঃ উলফৎ নগর, উপজেলা রায়পুর, জেলা লক্ষ্মীপুর-কে কোন আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে লক্ষ্মীপুর জেলার রায়পুর উপজেলার ৭নং বামনী ইউনিয়নের অস্থায়ী নিকাহ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহ্বান পূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।